

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

আবশ্যিক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদটি পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে :

কর্মকর্তা পদ

১। ছাত্রকল্যাণ পরিদপ্তর

চীফ মেডিক্যাল অফিসার (মেডিক্যাল সেন্টার)-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল : ৮ঃ ৫৬৫০০-৭৪৪০০/-।

উল্লিখিত পদে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ০৬/১১/২০১৮ ইং

চীফ মেডিক্যাল অফিসার পদের নির্ধারিত যোগ্যতা :- (ক) প্রার্থীকে এফসিপিএস বা তাহার সমমানের ডিগ্রিসহ পেশায় নিয়োজিত কমপক্ষে ৬ (ছয়) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। এর মধ্যে ডেপুটি চীফ মেডিক্যাল অফিসার/প্রিন্সিপাল মেডিক্যাল অফিসার/ সরকারের বেতন কমিশনের আওতাধীন ৫ম গ্রেডের মূল পদের সমমান পদমর্যাদা হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা অবশ্যই থাকিতে হইবে। কম্পিউটার ও সফটওয়্যার ব্যবহারের অভিজ্ঞতা এবং আধুনিক ডায়াগনস্টিক্স যন্ত্রপাতিসমূহ সম্বন্ধে সম্যক জ্ঞান সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

অথবা

(ক) প্রার্থীকে এমবিবিএস ডিগ্রিসহ কমপক্ষে ১৫ বৎসরের পেশাদার অভিজ্ঞতা থাকিতে হইবে যাহার মধ্যে ৫ (পাঁচ) বৎসরের ডেপুটি চীফ মেডিক্যাল অফিসার/প্রিন্সিপাল মেডিক্যাল অফিসার/সরকারের বেতন কমিশনের আওতাধীন ৫ম গ্রেডের মূল পদের সমমান পদমর্যাদা হিসাবে অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটার ও সফটওয়্যার ব্যবহারের অভিজ্ঞতা এবং আধুনিক ডায়াগনস্টিক্স যন্ত্রপাতিসমূহ সম্বন্ধে সম্যক জ্ঞান সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

(খ) কোন স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নহে।

বিঃ দ্রঃ- অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন ১(এক) টি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণি) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন অথবা ডিগ্রি অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।

উল্লিখিত পদের জন্য প্রযোজ্যঃ-

এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত (REG-2) ফরমে (সকল অতীত ও বর্তমান চাকুরীর পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখ পূর্বক) রেজিস্ট্রার-এর বরাবরে আবেদনপত্র ১০ সেট জমা দিতে হইবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ কপি সত্যায়িত ছবি এবং এই বিশ্ববিদ্যালয়ের কম্পিউটারের অনুকূলে প্রদেয় ৮ঃ ১,০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ঢাকা মহানগরস্থ যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পিউটার অফিসের হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক, টাকা জমার রশিদ সংযুক্ত করিতে হইবে। প্রত্যেক সেটের সাথে আবেদনপত্র/Forwarding Letter-সহ সকল সার্টিফিকেট, টেস্টমোনিয়াল, ট্রান্সক্রিপ্ট/ মার্কশীট এবং অভিজ্ঞতার সার্টিফিকেট-এর সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। প্রার্থীর শিক্ষাজীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নহে বেসরকারি বিশ্ববিদ্যালয়/বিদেশী ডিগ্রিধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদন পত্র প্রসেস করা হইবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম (REG-2) এই বিশ্ববিদ্যালয়ের Web Site (regoffice.buet.ac.bd)-এর download page এবং কর্মকর্তা পদের Q.T. Vacancy-এর Job circular page হইতে সংগ্রহ করা যাইবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেওয়া হইবে না। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

স্বাক্ষর/-

(অধ্যাপক ডঃ এস.এম. মাহবুবুর রহমান)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

নং সংস্থা/ব-৫৯/৮৩৪৫৫/রে-২৩০৩(৬০)

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) :-

তারিখঃ ২১/১০/২০১৮

১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।

২। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/ অফিস প্রধান/ হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।

৩। পরিচালক, আই.আই.সি.টি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।- (বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৪। সিস্টেম এনালিস্ট, রেজিস্ট্রার অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।- বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য।